

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮০৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের নিয়ম-কানুন

আরবী

وَعَنْ عَلِيّ بْنِ الْحُسَيْنِ مُرْسَلًا قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُكَبِّرُ فِي الصَّلَاة كلما خفض وَرفع فَلم تزل صلاته حَتَّى لَقِي الله تَعَالَى. رَوَاهُ مَالك

বাংলা

৮০৮-[১৯] 'আলী ইবনু হুসায়ন (রহঃ) হতে মুরসাল হিসেবে এ হাদীসটি বর্ণিত হয়েছে। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে রুকৃ' ও সাজদায় এবং মাথা ঝুঁকাতে ও উঠাতে তাকবীর বলতেন। আর তিনি আল্লাহর সাথে মিলিত হবার আগ পর্যন্ত সব সময় এভাবে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন। (মালিক)[1]

ফুটনোট

[1] মুরসাল সহীহ: মুয়াত্ত্বা মালিক ১৬৪, নাসায়ী ১১৫৫। আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে নাসায়ীতে এর হাদীসের একটি শাহিদ রিওয়ায়াত রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাফিয় বলেন, সালাতের সকল ইনতিকালী কাজের সময় তাকবীর দিতে হবে। আর বিশেষ করে রুকূ' থেকে উঠার সময় তাহমীদ (সামি'আল্লা-হু.....) বলার ব্যাপারে ইজমা হয়েছে এবং এটা শার'ঈ নিয়মে পরিণত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন